

# ঢাবি ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলা

নিজস্ব প্রতিবেদক

১১ এপ্রিল ২০২৩ ১২:০০

এএম | আপডেট: ১১ এপ্রিল

২০২৩ ০৮:০১ এএম

বাবু খন্দকারী  
আমাদের মমতা

advertisement

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে ছাত্রলীগের বিরুদ্ধে। গতকাল সোমবার সন্ধ্যায় ইফতারের পর ঢাকা মেডিক্যালের বহির্বিভাগের সামনে এ ঘটনা ঘটে।

advertisement

তাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের নির্দেশে এ হামলা হয়েছে বলে অভিযোগ ছাত্রদলের। তবে সৈকতের দাবি, ছাত্রদল তাবি ক্যাম্পাসে লাশ ফেলানোর পরিকল্পনা করছে।

হামলায় ৫ নেতাকর্মী আহত হয়েছেন বলে দাবি ছাত্রদলের। আহতরা হলেন কেন্দ্রীয় ছাত্রীবিষয়ক সম্পাদক মানসুরা আলম, সলিমুল্লাহ মুসলিম হল ছাত্রদলের সাধারণ সম্পাদক রাজু আহমেদ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ছাত্রদলের সহসভাপতি আমান উল্লাহ আমান, জহুরুল হক হল ছাত্রদলের যুগ্ম সম্পাদক মেহেদী হাসান ও সলিমুল্লাহ মুসলিম হল ছাত্রদলের কর্মী আবদুল্লাহ আল কাফি। আহত নেতাকর্মীরা ঢাকা মেডিক্যালের জরুরি বিভাগে প্রাথমিক চিকিৎসা নিয়ে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন আছেন। তাবি ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সোহেল বলেন, সৈকতের কর্মীরা ৫-৬টি বাইকে এসে আমাদের ওপর অতর্কিত হামলা করেছে। তারা দেশীয় অন্তর্বর্তী নিয়ে এসে আমাদের ওপর হামলা করেছে।

advertisement

তবে তাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত বলেন, আজকে (সোমবার) ইফতারের পর কয়েকজন ছাত্রের ওপর ছাত্রদল চড়াও হয়। এরপর হলের শিক্ষার্থী এবং আমাদের কয়েকজন ছাত্রলীগের নেতাকর্মী তাদের প্রতিহত করেছে।